তারিখ 14 JAN 2017
পৃষ্ঠা ৭ কলাম ২

দৈনিক
ইত্তেফাক

# এখনো সব পাঠ্যপুস্তক পায়নি কেন্দুয়ায় শিক্ষার্থীরা

■ কেন্দুয়া (নেত্রকোনা) সংবাদদাতা

বছরের প্রথম দিন শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেওয়ার কথা থাকলেও জেলায় কেন্দুয়া উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার ২০ হাজার ছয়শ শিক্ষার্থী এখনো সব পাঠ্যপুস্তক পায়নি। কিছু বই পেলেও সব বই না পেয়ে কোমলমতি শিক্ষার্থীদের আনন্দ অনেকটাই ম্লান হচ্ছে।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সূত্রে জানা যায়, উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের ১৬ হাজার তিনশ ৩০ জন ও মাদ্রাসার চার হাজার দুইশ ৭০ জনসহ মোট ২০ হাজার ছয়শ শিক্ষার্থী রয়েছে। এদের মধ্যে সপ্তম শ্রেণির পাঁচ হাজার সাতশ ৬০ শিক্ষার্থী আনন্দপাঠ, অষ্টম শ্রেণির পাঁচ হাজার একশ ৬০ শিক্ষার্থী ইংরেজি, গণিত, সাধারণ বিজ্ঞান, ৯ম শ্রেণির পাঁচ হাজার চারশ ১০ শিক্ষার্থী গণিত, ইসলাম ধর্ম, ভূগোল ও ইবতেদায়ী মাদ্রাসার প্রথম শ্রেণির আটশ ৫০ শিক্ষার্থী ইংরেজি, গণিত, আরবি, বাংলা, দ্বিতীয় শ্রেণির আটশ শিক্ষার্থী ইংরেজি, বাংলা, গণিত, আরবি, পঞ্চম শ্রেণির ৯শ ৫০ শিক্ষার্থী কোরআন, তাজবীদ, আকাঈদ ও ফিকাহ, আরবি, বাংলা, বাংলাদেশ ও বিশ্বপরিচয় এবং দাখিল মাদ্রাসার সপ্তম শ্রেণির এক হাজার ছয়শ ৭০ শিক্ষার্থী কোরআন মজীদ, আরবি প্রথম, আরবি দ্বিতীয়, বাংলা ব্যাকরণ, ইংরেজি ব্যাকরণ, সাধারণ বিজ্ঞান, বাংলাদেশ ও বিশ্বপরিচয়, তথ্য ও যোগাযোগ, কর্ম ও জীবনমুখী শিক্ষা ও কৃষি শিক্ষা বিষয়ের পাঠ্যপুস্তক এখনো পায়নি।

এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জাহাঙ্গীর হোসেন গতকাল বুধবার বই সংকটের সত্যতা স্বীকার করে জানান, 'সকল শিক্ষার্থীর জন্য বইয়ের চাহিদা পাঠানো হয়েও কিছু বই এখনো পাইনি।

তবে শিক্ষার্থীদের অধিকাংশ পাঠ্যপুস্তক দেওয়া হয়ে গেছে। যেগুলো বাকি আছে তা সরবরাহ করা হলে শিক্ষার্থীদের দেওয়া হবে'।